হী-ম্যান
ব্রহ্মাণ্ডের অধিপতি
SIMPSON
রক্ষাকারী বন্ধু

- This origin of the Rock People is different from their Filmation She-Ra cartoon origin.

শুভসন্ধ্যা হী-ম্যান।আমরা তোমাকেই খুঁজতে এখানে এসেছি!আমতা তোমার বন্ধু!আমার নাম **স্টোনডার**।আমি অহিংসক শৈল-মানবদের দলপতি!

আর আমার নাম **রোকন**!আমি আমার জাতির সাহসী যোদ্ধা।আমরা তোমাকে অশুভ শক্তির বিরুদ্ধে লড়াইতে সাহায্য করার জন্যে এসেছি,হী-ম্যান!

আচ্ছা,বন্ধু! ওই শয়তানের বাসা স্কেলেটরটার আজকাল খবর কী?ওকে পেটানোরর খুব ইচ্ছে আমার!হাহা!

হী-ম্যান!তুমি রোকোনের কথায় কিছু মনে কোরো না! ও মাঝে মাঝে বড্ড বেশী বাজে কথা বলে ফেলে!

ও ভুলে যায়,আমরা সর্বদা অহিংসায় বিশ্বাসী।যুদ্ধ বিগ্রহ আমাদের নীতি বুরুদ্ধ!বন্ধু!

আমি খুব গর্বিত যে,তোমরা এখানেএসেছ! এটারনিয়ায় তোমাদের স্বাগত জানাই!

কিন্তু স্টোনডার জানতো না যে,খুব শীঘ্রই একটা সমস্যা আসতে চলেছে যার উৎসটা ছিল একটু দূরেই...

হী-ম্যান সাবধান!

কিন্তু... কিছু বোঝার আগেই

হী-ম্যান,কোবরা খানের ঘুম পাড়ানি গ্যাসের আক্রমণে বেহুঁশ হয়ে গেলো!

আআইইইঈ

সাবাশ! বেশ ভালো কাজ করেছ রোকন !

ব্যাটা বেহুঁস হয়ে গেছে! আপাতত ওখানে পড়ে থাক!

ততক্ষণে আমি ওই দিকে গিয়ে পাহারা দিচ্ছি!

যাতে আর কোনো শয়তান এদিকে না আসতে পারে!

আরে!খুলি দুর্গের শক্তি,তোমার শক্তি-তলোয়ার,জাদুর দেবী সারসেরাস!কিছুই মনে পড়ছে না?

কী বলছ?আমি তো বুঝতে পারছিনা!

মনে হয় ওর স্মৃতিশক্তি লোপ পেয়েছে! আমাকে অন্য রাস্তা ভাবতে হবে!

হে হে !এবার বাগে পেয়েছি! ক্ষুদে শয়তান!

হী-ম্যান তুমি একে একদম বিশ্বাস কোরো না।আমি বলছি শোনো...

আমি কাকে বিশ্বাস করবো?তাল গোল পাকিয়ে যাচ্ছে!
এদিকে স্রোকোন পাহাড়ের ওপর থেকে দেখে বুঝে নিলো যে,কিছু একটা সমস্যা হয়েছে।কিন্তু ওয়েবস্টার যে ওরকোকে বন্দী বানিয়ে নিয়েছে,সেটা ও খেয়াল করলো না!ও দ্রুত সিদ্ধান্ত নিলো......

আজ আমি...
ওই ব্যাটাকে...
উচিৎ শিক্ষা দিয়ে ছাড়বো!

ওই পাথুরে মানুষটা এদিকেই আসছে।এই জীবটার আঘাত লাগতে পারে!

আমি কী ওকে বাঁচাবো নাকি জাদুরকে বাঁচাবো ??
কে ভালো? কে মন্দ? কী কোরবো আমি?

নিজের ওপর আস্থা রাখো হী-ম্যান!নিজের শক্তিকে অনুভব করো।তবেই জেনে যাবে তুমি কে!

তোমার মনকে কেন্দ্রিভূত করো হী-ম্যান!একাগ্র হও! সত্যিটা জেনে যাবে
আআ আআহহ!

কারণ হী-ম্যান নিজের ছোট্ট বন্ধুকে বাঁচাতে তৎপর ছিল! ওর সব কিছুই মনে পড়ে গেছিলো......

ওরকো! বন্ধু আমার!

ধমাস

এদিকে সর্পপর্বতে স্কেলেটর অপেক্ষা করছে চরম সুযোগের। ওর কুটিল করোটিতে চলছে শয়তানি পরিকল্পনা!

কারণ ও জেনে গেছে ওর অনুগতরা ধরাশায়ী হয়ে গেছে!

ওরে নেমক হারামের দল! আমি তোদের ওপর বিশ্বাস রেখে ভুল করেছিলাম! এবার আমাকেই ময়দানে নামতে হবে দেখছি!

আমি আসছি হী-ম্যান!

স্কেলেটর নিজের জাদু-দন্ডের সাহায্যে ওখান থেকে অদৃশ্য হয়ে গেল!

সর্প পর্বতের অন্ধকার ও শীতল পরিবেশ থেকে, এটারনিয়ার উষ্ণ ও রুক্ষ মরুভূমীর সফর ও এক নিমেষে শেষ করলো!

নেমকহারামের দল! অপদার্থ!

আমাকে দেখ!দেখ তোদের প্রভু কী ভাবে হী-ম্যানকে পাকড়াও করে!

অকর্মার ঢেঁকি!

স্কেলেটর আমার মনে হয় তোর নিজেকেই সামলানো উচিৎ! নাহলে মরবি পাগলা!
দেখলি তো! তোর হামলা আমাদের ওপরে প্রভাব ফেলতে পারলো না! হাহাহা!!

স্কেলেটর!
না!
চিন্তা কোরো না বন্ধু!
রোকন আর স্টোনডার দুজনে একসাথে স্কেলেটরের শয়তানী ও শক্তিশালী আঘাতকে প্রতিহত করলো!!
আআরঘঘ!

তুই আমাকে অপমান করলি? এত বড়ো সাহস তোর? এর শেষ দেখে ছাড়বো!

স্রেফ খালি হাতেই তোকে যমের বাড়ি পাঠাবো! সামলা আমার আড়াই কিলোর ঘুঁষি!

স্কেলেটর...

এই নে আমার পাঁচশো কিলোর ঘুঁষি!
ধাড়

......হী-ম্যানের একটা শক্তিশালী ঘুঁষির ধাক্কায় মুর্খ স্কেলেটর বহু দূরে ছিটকে পড়লো......
একী...প্রভূ?...

আরে বাহ!হি-ম্যান তুমি তো দারুন কাজ করেছ!ও ব্যাটা সহজে এদিকে আসবে না!

এবার তোদের কী হবে রে ভূতিয়া?

ভালো চেষ্টা অনামুখো।কিন্তু তুই আমার কিছুই করতে পারবি না !

নিজেদের বিপদকে আহ্বান জানিয়ে,ওরা যে কত বড়ো ভুল করছে,সেটা বুঝতে পেরে কোবরা খান আর ওয়েবস্টার প্রান হাতে নিয়ে পালাতে লাগলো!
আমরা তোকে দেখে নেব হী-ম্যান।সেদিন হবে তোর জীবনের শেষ দিন!
আসিস! ঘন্টা নিয়ে যাবি!

ওরা আবার আসলে আমরা আবার ওদের হারিয়ে দেব! আমাদের কাছে পবিত্র শক্তি আছে! এই শক্তি সত্যের বন্ধনের!
কারণ আমরা সর্বদা আমাদের বন্ধুদের ওপরে বিশ্বাস রাখি। আর এটাই আমাদের অস্তিত্বের ভিত্তি!
L. HOUSTON · B. TIMM '85
সমাপ্ত

লী ফক-এর লেখায় ও রেমন্ড মুর-এর রেখায়
বেতাল
পূবের আধাঁরের রক্ষাকর্তা
দুর্বৃত্ত
সম্প্রদায়